প্রাপ্তি স্বীকারসহ রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট- ০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ
সেক্টর# ১৩, উত্তরা, ঢাকা- ১২৩০
(Web: www.dnbc.gov.bd)

নথি নং-০৮.০১.২৬৯৪.০০৪.৩১.০০১.২৪.

তারিখঃ- ১০/০২/২০২৫ খ্রি.।

## "কার ও মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি"

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর কর্মকর্তাগণের যাতায়াত এবং দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম এবং সম্মানিত স্টেকহোল্ডারদের অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে ০১/০৩/২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৫ খ্রিঃ পর্যন্ত মাসিকভিত্তিতে ০২ (দুই)টি সেডান কার (এসি) ও ০২ (দুই)টি মাইক্রোবাস (এসি) ভাড়াদাতা প্রকৃত মালিক/ব্যবসায়িক প্রতিষ্ঠান এর নিকট থেকে নিজস্ব প্যাডে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | : | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ০২. | সংস্থা | : | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা |
| ০৩. | সংগ্রাহক সত্তার নাম | : | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা |
| ০৪. | কাজের নাম | : | ১৫০০ সিসি এর নিম্নে নহে এবং ২০১৫ বা তার পরবর্তী সনের মডেলের ০২ (দুই) টি সেডান কার (চালকব্যতীত) এবং ন্যূনতম ০৭ (সাত) আসন বিশিষ্ট ১৮০০ সিসি এর নিম্নে নহে এবং ২০১৫ বা তার পরবর্তী সনের মডেলের ০২ (দুই)টি মাইক্রোবাস (চালকব্যতীত) ভাড়া [ গাড়ির ভাড়া, মেরামত, জ্বালানী, ট্যাক্স, ভ্যাটসহ যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী বহন করবেন]। |
| ০৫. | ব্যয়ের উৎস | : | সরকারি অনুমোদিত বাজেট |
| ০৬. | দরপত্র পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৭. | দরদাতার যোগ্যতা | : | নিজের বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের নামে গাড়ীর মালিকানা সম্পর্কিত মূল দলিলাদি অবশ্যই থাকতে হবে (হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সংক্রান্ত সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, সরবরাহতব্য গাড়ীর হালনাগাদ ব্লু-বুক, ট্যাক্স টোকেন, ফিটনেস, ইন্স্যুরেন্সসহ অন্যান্য কাগজপত্র বা দলিলাদির সত্যায়িত ফটোকপি)। |
| ০৮. | দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | : | ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), [প্লট নং- ০২, সেক্টর নং-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা] ঢাকা-এর সাধারণ শাখা(জিএল)। |
| ০৯. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকা কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), [ প্লট নং-০২, সেক্টর নং-১৩, উত্তরা] ঢাকা-এর সম্মেলন কক্ষ (কনফারেন্স রুম)। |

### দরপত্রের শর্তাবলী

০১। (ক) ০২ (দুই) টি সেডান কার (এসি) এর বিবরণঃ (১) তৈরী সনঃ ২০১৫ খ্রিঃ এর পূর্বে নয়, (২) ইঞ্জিন ক্যাপাসিটিঃ ১৫০০ এর নিম্নে নয়, জ্বালানীঃ অকটেন।
(খ) ন্যূনতম ০৭ (সাত) আসন বিশিষ্ট ০২ (দুই) টি মাইক্রোবাস (এসি) এর বিবরণঃ (১) তৈরী সনঃ ২০১৫ খ্রিঃ এর পূর্বে নয়, (২) ইঞ্জিন ক্যাপাসিটিঃ ১৮০০ এর নিম্নে নয়, জ্বালানীঃ অকটেন।
(গ) সেডান কার ও মাইক্রোবাসের বডি এবং Interior পরিস্কার-পরিচ্ছন্ন ও উন্নতমানের হতে হবে।
গ) সেডান কার ও মাইক্রোবাস রং চটা থাকতে পারবে না।

০২। দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/ব্যবসায়িক প্রতিষ্ঠানকে কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা বরাবর সীলমোহরকৃত খামে তাদের নিজস্ব প্যাডে লিখিতভাবে আবেদন করতে হবে। আবেদনের সাথে উপরিল্লিখিত দরদাতার যোগ্যতা-এর বিপরীতে উল্লিখিত সকল কাগজপত্র/দলিলাদির ফটোকপি (১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অবশ্যই দাখিল করতে হবে।

০৩। সীলমোহরকৃত খামের উপর দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।

০৪। সেডান কার ও মাইক্রোবাসের জন্য প্রস্তাবিত দর হিসেবে দৈনিক ভাড়ার হার এবং মাসিক ভাড়ার হার সুস্পষ্টভাবে (অংকে এবং কথায়) উল্লেখ করতে হবে (জ্বালানী, মেরামত, ট্যাক্স, ভ্যাটসহ সকল প্রকার খরচ সহ)।

০৫। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা এবং ওভার রাইটিং করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং কোনরূপ শর্ত আরোপ করা যাবে না।

০৬। সিলমোহরকৃত খামে দরপত্র আগামী ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে, যা একই দিন ০৩:০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। উক্ত দিন তাঁদের সংশ্লিষ্ট গাড়ি এ দপ্তরে পরীক্ষা/যাচাইয়ের জন্য উপস্থিত রাখতে হবে।

০৭। সেডান কার ও মাইক্রোবাস ভাড়ার মেয়াদ ০১/০৩/২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

০৮। সেডান কার ও মাইক্রোবাস মূলত অত্র দপ্তরের অধিক্ষেত্রাধীন এলাকা/জেলায় ব্যবহৃত হবে। সেডান কার ও মাইক্রোবাস প্রতিদিন সকাল হতে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত প্রয়োজনে চালাতে হতে পারে।

০৯। সাপ্তাহিক বন্ধের সময় এবং সরকারি ছুটির দিনে সেডান কার ও মাইক্রোবাস সরবরাহ করা হলে ঐ দিনের ভাড়া মাসিক ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে অর্থাৎ এজন্য মাসিক ভাড়ার সাথে আলাদা ভাড়া দাবী করা যাবে না।

১০। কার্যাদেশ পাওয়ার পূর্বে সংশ্লিষ্ট সরবরাহকারী তার সেডান কার ও মাইক্রোবাস প্রদর্শন ও পরীক্ষামূলক চালানোর জন্য উপস্থিত করতে হবে।

১১। সেডান কার ও মাইক্রোবাস সরবরাহকালীন সময়ে যান্ত্রিক ত্রুটির কারণে গাড়ি চলাচলে বিঘ্ন ঘটলে কিংবা গাড়ি নষ্ট বা অচল হলে বিকল্প গাড়ির ব্যবস্থা করতে হবে।

১২। সেডান কার ও মাইক্রোবাসের মালিকানা, কোন প্রকার দুর্ঘটনা সংক্রান্ত যে কোন প্রকার আইনগত জটিলতার দায়ভার মাইক্রোবাস ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। দরপত্র উন্মুক্ত কমিটি নিকট যে নম্বর প্লেট বিশিষ্ট গাড়ী প্রদর্শন করেছেন উক্ত গাড়ীর নম্বর উল্লেখ করে কার্যাদেশ দেয়া হবে।

১৩। সরকারি বিধান অনুযায়ী প্রযোজ্য মূল্য সংযোজন কর (VAT), অগ্রিম আয়কর (AIT) ও প্রযোজ্য অন্যান্য করাদি প্রাপ্য বিল হতে কর্তন করা হবে।

১৪। ভাড়াকৃত সেডান কার ও মাইক্রোবাস চুক্তিকালীন সময়ে অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট ভাড়া দেয়া যাবে না।

১৫। ভাড়াকৃত গাড়িগুলো অত্র দপ্তরের চালকদ্বারা চালানো হবে।

১৬। দরপত্র সম্পর্কিত সকল কার্যাদি The Public Procurement Act-2006 and The Public Procurement Rules-2008 অনুযায়ী পরিচালিত হবে।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাঃ-
এদিপ বিল্লাহ
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে।
ফোন: ০২-২২৪৪৭০৮৮২

নথি নং-০৮.০১.২৬৯৪.০০৪.৩১.০০১.২৪. ১১১৫ ( )

তারিখঃ- ১০/০২/২০২৫ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ করা হলো:

০১। রাজস্ব কর্মকর্তা (যানবাহন/সাধারণ শাখা) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা [তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকল স্থানে প্রচারের ব্যবস্থা এবং যাচাইপূর্বক কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ দেয়া হলো];

০২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর), ঢাকা [তাঁকে বিজ্ঞপ্তিটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া হলো];

০৩। নোটিশ বোর্ড [জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা/কাস্টমস্ বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর)/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/কাস্টম হাউস, ঢাকা]।

10.02.2025.
বিপুল বনিক
ডেপুটি কমিশনার